বিষয় কোড: | ১ | ০ | ১ |

# বাংলা প্রথম পত্র: সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘন্ট ১০ মিনিট পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক বিভাগ হতে **দু'**টি করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে। গ বিভাগে যে কোনো **একটি** উপন্যাস থেকে উত্তর করতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ — গদ্য

**প্রশ্ন-১ ▶** বন্ধুর পরামর্শে রবীন্দ্রনাথ ঠাকুরের 'গল্পগুচ্ছে'র কয়েকটি গল্প পড়েই বিরক্ত হয়ে গেল সুমন। তার ধারণা, এসব হরহামেশা ঘটে যাওয়া কাহিনি পড়ে সময় নষ্ট করার কোনো মানে হয় না। তার চেয়ে বরং সাধারণ জ্ঞানের বই পড়লে অনেক কিছু জানা যায়, শেখা যায়। তার বোধে এটুকু ধরা পড়ে না যে, সাহিত্য মানুষকে সরাসরি তথ্য জানানোর জন্য রচিত হয় না। সাহিত্য অনুভূতির জগতে সাড়া ফেলে সম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলে। আর তখনই সে হয়ে ওঠে সুশিক্ষিত।

ক. শাস্ত্রমতে কাব্য রস কেমন? ১

খ. 'কবির মতিগতি শিক্ষকের মতিগতির সম্পূর্ণ বিপরীত'— কেন? ২

গ. উদ্দীপকের সুমনের মানসিকতার সাথে 'সাহিত্যে খেলা' প্রবন্ধের অসংগতিপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপক ও 'সাহিত্যে খেলা' প্রবন্ধের আলোকে শিক্ষা ও সাহিত্যের পার্থক্য বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-২ ▶** 'আমি নারী। আমি হৃদয় দিয়ে বিশ্ব জয় করবো। ইব্রাহিম কার্দিকে মুক্ত করবো। তাকে এই হৃদয়ের রক্ততলে বন্দী করবো। আপনি কেন আমাকে সংকল্পচ্যুত করতে চেষ্টা করছেন?'

ক. কত ক্রোশ পথ হেঁটে স্কুলে যাতায়াত করতে হয়? ১

খ. 'গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনি সুনাম'— বুঝিয়ে লেখো। ২

গ. 'বিলাসী' গল্পে অসুস্থ মৃত্যুঞ্জয়কে সেবা-শুশ্রূষার যে চিত্র ফুটে উঠেছে উদ্দীপকের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকের নারী চরিত্রের প্রেমের গভীরতা বিলাসী চরিত্রেও প্রতিফলিত হয়েছে'— আলোচনা করো। ৪

**প্রশ্ন-৩ ▶** ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত নাটক অধ্যাপক মুনীর চৌধুরী-র 'কবর'। এ নাটকে ভাষা-শহিদদের অন্তরালে নাট্যকার দুটি ছায়ামূর্তির চরিত্র অঙ্কন করেছেন। ভাষার মিছিলে নিহত ছাত্রদের লাশ রাতের অন্ধকারে গোপনে দাফন করার জন্যে গোরস্তানে আনা হলে তারা পুনরায় মঞ্চের পাশে দাঁড়িয়ে প্রতিবাদ জানায়, 'আমরা মরতে চাই নি, আমরা মরি নি, আমরা কবরে যাব না।' মুর্দা ফকিরের ডাকে ওরা আবার মিছিলে ফিরে আসে।

ক. জহির রায়হানের আসল নাম কী? ১

খ. 'কিন্তু অকস্মাৎ ছেদ পড়লো'— উক্তিটির মাধ্যমে কী বোঝানো হয়েছে? ২

গ. চরিত্র অঙ্কনে মুনীর চৌধুরীর সঙ্গে জহির রায়হানের সাদৃশ্য তুলে ধরো। ৩

ঘ. উদ্দীপকের বিষয়গত চেতনার সঙ্গে 'একুশের গল্প'-এর তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — কবিতা

**প্রশ্ন-৪ ▶** তোমারে সেবিতে হইল যাহারা মজুর মুটে ও কুলি,
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান! [কুলি-মজুর : কাজী নজরুল ইসলাম]

ক. ছেলেবেলায় কাজী নজরুল ইসলাম কোন গানের দলে যোগ দেন? ১

খ. সংকীর্ণমনারা যাদের অসংযমী বলে আখ্যা দিয়েছে, কবি কেন তাদের জন্যে জয়গান রচনা করেন? ২

গ. উদ্দীপকটিতে শ্রমিক-জীবনের আত্মত্যাগের যে স্বরূপ ধরা পড়েছে তা 'জীবন-বন্দনা' কবিতার আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. 'তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান'— উক্তিটি 'জীবন-বন্দনা' কবিতার বিষয়বস্তুর আলোকে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৫ ▶** হা পুত্র, হা বীরবাহু, বীর চূড়ামণি!
কি পাপে হারানু আমি তোমা হেন ধনে?
কি পাপ দেখিয়া মোর, রে দারুণ বিধি
হরিলি এ ধন তুই? হায় রে, কেমনে
সহি এ যাতনা আমি?

ক. 'কবর' কবিতায় বৃদ্ধ দাদু কাদের জোড়ামানিক বলেছে? ১

খ. 'তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে'– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মূলবক্তব্যের সঙ্গে 'কবর' কবিতার সাদৃশ্য তুলে ধরো। ৩

ঘ. 'প্রত্যেক পিতার কাছেই সন্তান হারানোর শোক অবর্ণনীয় বেদনায় ভরা'— উদ্দীপক ও 'কবর' কবিতার আলোকে উক্তিটি মূল্যায়ন করো। ৪

**প্রশ্ন-৬ ▶** উচ্চমাধ্যমিক পরীক্ষা শেষে পার্থ, সজীব ও সুমেল সহপাঠীদের নিয়ে স্বেচ্ছায় রক্তদাতাদের একটি সংগঠন গড়ে তোলে। এ বিষয়ে এলাকায় জনসচেতনতা তৈরির লক্ষ্যে তারা একটি অনুষ্ঠানের আয়োজন করলে প্রথমে স্থানীয় একটি ক্লাবের তরফ থেকে বাধা আসে। লেখাপড়ায় বিঘ্ন ঘটছে মনে করে তাদের পরিবার থেকেও জোর আপত্তি ওঠে। তবে এসব বাধা দমাতে পারে নি তাদের। এরপর তারা দেশের তিনটি পৃথক বিশ্ববিদ্যালয়ে ভর্তির পর সেখানেও একই সংগঠন গড়ে তোলে। এখন তাদের তিনটি সংগঠনের মাধ্যমে বিনামূল্যে রক্ত পেয়ে উপকৃত হচ্ছে দেশের হাজার হাজার মানুষ।

ক. 'আঠারো বছর বয়স' কবিতাটি কয় মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত? ১

খ. আঠারো বছর বয়সের ইতিবাচক ও নেতিবাচক দিকগুলো লেখো। ২

গ. 'পথ চলতে এ বয়স যায় না থেমে'— 'আঠারো বছর বয়স' কবিতার এ উক্তির সঙ্গে উদ্দীপকের সাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. "পার্থ, সজীব ও সুমেলের উদ্যোগের মধ্যে 'আঠারো বছর বয়স' কবিতার তাৎপর্য নিহিত"— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

## গ অংশ — উপন্যাস

### পদ্মানদীর মাঝি

**প্রশ্ন-৭ ▶** সাহেদ ও সুজন দুই বন্ধু। যেন এক বৃন্তে দুটি ফুল। তাদের বন্ধুত্ব দেখে পাড়ার লোকেরা তাদের নাম দিয়েছে 'মানিকজোড়'। অবশ্য প্রাণের টানটা বেশি সুজনের। সাহেদ ধীরস্থির, গম্ভীর প্রকৃতির। তার অনুভূতি অতটা প্রকাশ পায় না।

ক. 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটির রচয়িতা কে? ১

খ. 'দাবি আছে, প্রত্যাশা আছে, সুখদুঃখের ভাগাভাগি আছে, কলহ এবং পুনর্মিলনও আছে'— উক্তিটি কেন করা হয়েছে? ২

গ. উদ্দীপকের সাহেদ ও সুজনের সাথে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের যে দুটি চরিত্রের সামঞ্জস্য খুঁজে পাওয়া যায়, তাদের নাম উল্লেখ করে সম্পর্কের তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. 'সাহেদ ধীরস্থির, গম্ভীর প্রকৃতির'— উদ্দীপকের উক্তিটির আলোকে কুবের চরিত্র বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৮ ▶** বিয়ের পর থেকেই রানা তার স্ত্রী মুক্তার দুরারোগ্য রোগ সম্পর্কে জানতে পারে। দুজনে পরামর্শ করে বিশেষজ্ঞ ডাক্তারের কাছে যায়। কিন্তু নানারকম পরীক্ষা-নিরীক্ষা করেও কিছুতেই মুক্তার গোপন রোগটি সারানো যায় না। এ নিয়ে দুজনের মধ্যে অনেক মনোমালিন্যও হয়ে যায়। মুক্তার গুরুত্ব কমতে থাকে তার জীবনে। দুর্ভাগ্যকে মেনে নিয়েই রানা চালিয়ে যায় তার দাম্পত্য জীবন। কিন্তু রানার মনে এক কঠিন দুঃস্বপ্ন দানা বাঁধে। দেখা দেয় অশান্তি আর অবিশ্বাস। মাঝে মাঝে অন্য চিন্তাও করে রানা।

ক. মালার বড় সাধ কী? ১

খ. মালা কেন কুবেরের সঙ্গে ভণিতা করে? ২

গ. দাম্পত্য জীবনে উদ্দীপকের রানার অতৃপ্তির সঙ্গে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কুবেরের দাম্পত্য জীবনের সম্পর্ক ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের মুক্তার জীবন-আখ্যান 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের মালার জীবনের সঙ্গে কতটা সাদৃশ্যপূর্ণ?— বিচার-বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৯ ▶** ঘূর্ণিঝড় আইলায় নিখোঁজ মাঝিদের মধ্যে বদিউল একজন। অনেক মাঝি সাগর থেকে ফিরে এলেও বদিউলের কোনো খোঁজ কেউ দিতে পারে নি। বদিউলের বিয়ে ঠিক হয়ে আছে একই গ্রামের সদর আলীর মেয়ের সঙ্গে। বদিউলের আশা ছিল, এবার সমুদ্রে অনেক মাছ ধরা পড়বে। সেই মাছ বিক্রির টাকা জমিয়ে রেহেনাকে বউ করে ঘরে নেবে। রেহেনাও স্বপ্ন দেখত বদিউলকে নিয়ে। কিন্তু কেউ জানে না বদিউল স্বপ্নের রাজ্যে কবে ফিরে আসবে।

ক. আশ্বিনের ঘূর্ণিঝড়ে কার বউ মারা গেছে? ১

খ. আমিনুদ্দির মেয়ে হাউমাউ করে কেঁদেছে কেন? ২

গ. উদ্দীপকের বদিউল ও 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের নাসিরের স্বপ্ন ও স্বপ্নভঙ্গের তুলনামূলক পরিচয় দাও। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের পদ্মাতীরস্থ জীবনের মর্মন্তুদ পরিণতি বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৭ ▶** কার্তিকের অনটন নন্দপুর গ্রামের কৃষকদের ভিক্ষাবৃত্তির জালে বন্দি করেছে। অনেক অনুরোধ সত্ত্বেও মোড়ল ইব্রাহিম খাঁ তাদের ধান-চাল দিয়ে সাহায্য করেন নি। অথচ এ কৃষকরাই তাঁকে ফসলের মালিক করেছে। ফসলের মৌসুমে কৃষকদের চোখে ঘুম থাকে না ইব্রাহিমের গোলা ভর্তি করার জন্যে। সমাজের অসংগতি, দুঃখ-দারিদ্র্যের জন্যে ইব্রাহিমের মতো মোড়লরাই দায়ী।

ক. বাঁশিরাম মোড়লের বাড়ি কোথায়? ১

খ. মাঘমণ্ডলের ব্রত কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ইব্রাহিম খাঁর সঙ্গে 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের বাঁশিরাম মোড়লের চারিত্রিক সাদৃশ্য-বৈসাদৃশ্য চিহ্নিত করো। ৩

ঘ. 'সমাজের অসংগতি, দুঃখ-দারিদ্র্যের জন্যে ইব্রাহিম মোড়লরাই দায়ী'— উক্তিটির আলোকে তিতাস পাড়ের মালোদের জীবনবাস্তবতা আলোচনা করো। ৪

**প্রশ্ন-৮ ▶** গণেশ ভবানীপুরের তরুণ কর্মঠ সুঠাম দেহের অধিকারী নবীন যুবক। প্রত্যাশা ও প্রাপ্তির মাঝে সংগতি না থাকা এ বয়সের ধর্ম। নির্ভীক সৌন্দর্যপিপাসু সংবেদনশীল প্রেমিক এ যুবক নিয়তির হাতের ক্রীড়নক। শ্যামলী নামের এক যুবতি মেয়ের প্রেমে সে হাবুডুবু খাচ্ছিল। মালাবদল করে বিয়ে করলেও ভাগ্য তার সুপ্রসন্ন ছিল না। তাকে নিয়ে সে জীবনের খেলাঘরে উৎসবের বাসর সাজাতে চেয়েছিল। কিন্তু সে স্বপ্ন তার সফল হয় নি। এক দুর্ঘটনায় বউকে হারিয়ে সে পাগলপ্রায়। একসময় সে নিজেও বিদায় নেয় এ পৃথিবী থেকে।

ক. বাসন্তী কত বছরের কুমারী কন্যা? ১

খ. 'গাঙের ডর মাইঝ গাঙে না, গাঙের বিপদ পাড়ের কাছে'— উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. 'উদ্দীপকে বর্ণিত গণেশ 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের কিশোর চরিত্রের প্রতিনিধিত্ব করে' — বুঝিয়ে লেখো। ৩

ঘ. 'মালাবদল করে বিয়ে করলেও ভাগ্য তার প্রতি সুপ্রসন্ন ছিল না'— উদ্দীপকের এ উক্তির আলোকে 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের কিশোর চরিত্রটি বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৯ ▶** শফিক সাগরে মাছ ধরতে যাওয়ার পর ভীষণ ঝড়ের কবলে পড়ে। তার ডিঙি নৌকাটি উল্টে যাওয়ার আশঙ্কায় সে শুধু চিৎকার করে আল্লাহর নাম স্মরণ করতে থাকে। কেষ্ট ও চিত্ত দূর থেকে আর্তনাদ শুনে তাদের বড় নৌকাটি নিয়ে সেখানে ছুটে যায় এবং ঝড়ের মধ্যে প্রায় ৪ কিলোমিটার পথ নৌকা বেয়ে শফিককে তীরে নিয়ে আসে। এদের তিন জনই ভীষণ ধার্মিক ও রক্ষণশীল হলেও বিপদের মুহূর্তে ধর্ম তাদের মধ্যে বাধা হয়ে দাঁড়ায় নি।

ক. 'এ যদি বিদ্বান হইতে পারে মালোগুষ্ঠীর গৈরব'— কার সম্পর্কে একথা বলা হয়েছে। ১

খ. বর্ষাকালে তিতাসের অবস্থা কেমন হয়? ২

গ. উদ্দীপকের সঙ্গে বৃষ্টির মধ্যে উপন্যাসের কাদির মিয়ার আলু বিক্রি করার কাহিনির সাদৃশ্য তুলে ধরো। ৩

ঘ. "মানুষের বিপদে মানুষের সাহায্য করাই বড় ধর্ম— এ সত্যটিই উদ্দীপক ও 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে প্রতিফলিত হয়েছে"— বিশ্লেষণ করো। ৪

# বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **'যেখানে যাহারে জড়ায়ে ধরেছি সেই চলে গেছে ছাড়ি'– এ চরণে প্রকাশ পেয়েছে দাদুর–**
ক নিঃসঙ্গতার বেদনা খ অন্ধকারের গ্লানি
গ জীবনের দূরত্ব ঘ সব হারানোর কষ্ট

২. **'একটি ফটোগ্রাফ' কবিতার বিষয়বস্তু সম্পর্কিত উৎকর্ষময় স্তবক হলো—**
i. প্রথম স্তবক ii. দ্বিতীয় স্তবক
iii. শেষ স্তবক
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ঘ i ও iii

৩. **'নিকুঞ্জ' কথাটির অর্থ কী?**
ক প্রচুর ফুলের বাগান
খ লতাপাতা ঘেরা কুটিরের মতো জায়গা
গ ফলের প্রাচুর্য আছে যেখানে
ঘ অনেক গাছপালার সমাহার

৪. **শরৎচন্দ্র 'মন্দির' গল্পের জন্যে কোন পুরস্কার লাভ করেন?**
ক জগত্তারিণী স্বর্ণপদক খ ডিলিট উপাধি
গ কুন্তলীন পুরস্কার ঘ বাংলা একাডেমী পুরস্কার

৫. **'কমলাকান্তের জবানবন্দি' কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?**
ক বিবিধ প্রবন্ধ খ লোকরহস্য
গ সাম্য ঘ কমলাকান্তের দপ্তর

৬. **'কমলাকান্ত' চরিত্রের বড় বৈশিষ্ট্য হলো—**
i. কথা সরাসরি বলা
ii. নিছক রহস্যের সৃষ্টি করা
iii. শ্লেষের মাধ্যমে অসঙ্গতি নির্দেশ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. **'বঙ্গভাষা' কবিতার মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে–**
ক ঈশ্বরপ্রেম খ দেশপ্রেম
গ মানবপ্রেম ঘ প্রকৃতিপ্রেম

৮. **তপু মারা যাওয়ার পর কত বছর কেটে গেছে?**
ক দুই বছর খ তিন বছর
গ চার বছর ঘ পাঁচ বছর

৯. **শিক্ষার্থীদের কাব্যে অরুচি সৃষ্টির দায় থেকে স্কুল মাস্টারদের মুক্তি দেওয়ার জন্যে প্রয়োজন—**
i. শিক্ষার্থীদের স্বেচ্ছায় বই পড়ার আগ্রহ সৃষ্টি করা
ii. পাঠ্যবহির্ভূত বই পাঠের জন্যে লাইব্রেরি স্থাপন করা
iii. পাঠ্যসূচিতে কবিতার সংখ্যা বাড়িয়ে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii ও iii গ i ও iii ঘ i ও ii

১০. **'অর্ধাঙ্গী' প্রবন্ধে নারীজাগরণে কোনটিকে প্রধান অন্তরায় মনে হয়?**
ক পর্দা খ শিক্ষা
গ স্বামীর প্রভুত্ব ঘ ধর্ম

১১. **রবীন্দ্রনাথ ঠাকুর-এর ছদ্মনাম কী?**
ক ভোরের পাখি খ ছন্দের জাদুকর
গ কালকূট ঘ ভানুসিংহ ঠাকুর

১২. **ব্লাড ব্যাংকের রক্তে কীভাবে এইডস আসে?**
ক আক্রান্ত রোগী রোগ ছড়ানোর সুযোগ খোঁজে
খ এইডস আক্রান্ত রোগী যখন রক্ত বিক্রি করে
গ এইডস অনেক সময় জমা রক্তে জন্ম নেয়
ঘ রক্তে খুব সহজে এইডস জীবাণু চলে আসতে পারে

১৩. **'চুপ রাও সালে কাফের কা বাচ্চা কাফের'— উদ্ধৃতাংশটুকুর ভাষারীতি?**
ক চলিত ভাষা খ সাধু ভাষা
গ উর্দু ভাষা ঘ তেলেগু ভাষা

১৪. **খেলার উদ্দেশ্যের সঙ্গে প্রাবন্ধিক এক করে দেখিয়েছেন—**
ক বক্তৃতা দানের উদ্দেশ্যকে খ শিক্ষার উদ্দেশ্যকে
গ সাহিত্যের উদ্দেশ্যকে ঘ মৃৎশিল্পের উদ্দেশ্যকে

১৫. **দুর্নীতি প্রতিরোধে সবচেয়ে জরুরি—**
ক সরকারের পদক্ষেপ
খ জনগণের বাধা দান
গ সকলের সম্মিলিত প্রচেষ্টা
ঘ জাতিসংঘের হস্তক্ষেপ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

বন্যা পরীক্ষার খাতায় একটি রচনা লিখেছে 'স্বদেশ' শিরোনামে। শুরুটা এ রকম :
বাংলাদেশের আগের নাম ছিল পূর্ব বাংলা। এই বাংলাদেশ আমার স্বদেশ। এমন ছায়া সুনিবিড় প্রকৃতি, এমন ধান পাটের সমাহার, এমন আকাশ আচ্ছন্ন করা কালো মেঘের ঘনঘটা, পৃথিবীর আর কোনো দেশে দেখতে পাওয়া যাবে কি না সন্দেহ।

১৬. **রচনাটির শুরুর অংশ তোমার পাঠ্যবইয়ের কোন কবিতা দ্বারা প্রভাবিত বলে মনে কর?**
ক জীবন-বন্দনা খ বঙ্গভাষা
গ আমার পূর্ব বাংলা ঘ একটি ফটোগ্রাফ

১৭. **উদ্দিষ্ট কবিতার অনুসরণে বাংলাদেশের রূপ বর্ণনা উদ্দীপকটিতে এসেছে–**
i. প্রকৃতি ও ফসলের বর্ণনায়
ii. ফসল ও মেঘের বর্ণনায়
iii. প্রকৃতি ও মেঘের বর্ণনায়
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. **মৃত্যুঞ্জয়ের 'অন্নপাপ'-এর মধ্যে খুড়া খুঁজে পেয়েছে—**
i. স্বার্থসিদ্ধির বিশাল সম্ভাবনা
ii. ধর্মীয় বিধি-বিধান
iii. সামাজিক মূল্যবোধ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii ও iii গ ii ঘ i ও ii

১৯. **বাংলাদেশের পক্ষে কাজী নজরুল ইসলামকে দেওয়া বড় সম্মান হলো—**
ক বিদ্রোহী কবি খ্যাতি খ নাগরিকত্ব প্রদান করে
গ জাতীয় কবির মর্যাদা ঘ ডিলিট ডিগ্রি প্রদান

২০. **'পাঞ্জেরি' কবিতাটি কোন ছন্দে রচিত?**
ক অক্ষরবৃত্ত খ মাত্রাবৃত্ত গ স্বরবৃত্ত ঘ মুক্তক

২১. 'এত বুদ্ধি থাকিলে তোমার কি এ পদবৃদ্ধি হইত,– কমলাকান্তের এ উক্তি হলো—

i. উকিলের উদ্দেশে ii. হাকিমের উদ্দেশে
iii. ফরিয়াদির উদ্দেশে

**নিচের কোনটি সঠিক?**

ক i খ ii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২২, ২৩ ও ২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও**

'কোনো কালে একা হয়নি ক জয়ী পুরুষের তরবারি
প্রেরণা দিয়াছে, শক্তি দিয়াছে বিজয়-লক্ষ্মী নারী।'

২২. চরণগুলোতে বেগম রোকেয়ার চিন্তাধারার যে দিকটির সাদৃশ্য রয়েছে—

i. সমাজজীবনে নারীর ভূমিকা
ii. সমাজজীবন নারী-পুরুষের মিলনক্ষেত্র
iii. নারী-পুরুষের সমতা বিধান

**নিচের কোনটি সঠিক?**

ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

২৩. উদ্দীপকে উল্লেখিত 'প্রেরণা' শব্দটি 'অর্ধাঙ্গী' প্রবন্ধের কোন দিকটির প্রকাশ ঘটিয়েছে?

ক নারীই শক্তির উৎস
খ নারীরা সমাজ বিনির্মাণে সাহায্যকারী
গ নারীরা পুরুষদের সমকক্ষ
ঘ নারীই পুরুষদের চালিকাশক্তি

২৪. 'অধিকাংশ লোকে স্ত্রীকে বিবাহমাত্র করে'— 'হৈমন্তী' গল্পে বর্ণিত এ উক্তিটির সামঞ্জস্য মেলে—

i. 'বিলাসী' গল্পে
ii. 'অর্ধাঙ্গী' প্রবন্ধে
iii. 'একুশের গল্প' রচনায়

**নিচের কোনটি সঠিক?**

ক i খ ii গ iii ঘ i ও ii

২৫. 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পের প্রেক্ষাপট—

i. দ্বি-জাতি তত্ত্বের ফলাফল
ii. ভারত-পাকিস্তানের জন্ম
iii. ১৯৪৭-এর দেশভাগ

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. কর্মজীবনে কবি শামসুর রাহমান কোন পেশায় ছিলেন?

ক সাংবাদিকতা খ অধ্যাপনা
গ চিকিৎসক ঘ বৈজ্ঞানিক

২৭. রবীন্দ্রনাথ ঠাকুর-এর 'নবদম্পতির প্রেমালাপ' একটি—

ক ছড়া খ ছোটগল্প গ কবিতা ঘ গান

২৮. 'শামসুর রাহমান বাংলাদেশের প্রধান কবি'– কথাটির তাৎপর্য কী?

ক তিনি বাংলাদেশের কবিদের মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ
খ তিনি বাংলা ভাষার শ্রেষ্ঠ কবি
গ তিনি বাংলাদেশের সবচেয়ে জনপ্রিয় কবি
ঘ তিনি রাজনৈতিকভাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ কবি

২৯. 'হৃদয় ছুঁয়ে যাওয়া সিক্ত নীলাম্বরী' কথাটির পরিপূরক—

i. পূর্ব বাংলার নীলাভ প্রকৃতি
ii. কবির অন্তর এ প্রকৃতি ছুঁয়ে গেছে
iii. এ নীলাভ প্রকৃতি যেন বাংলার শাড়ি

**নিচের কোনটি সঠিক?**

ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

৩০. 'আমরা ছিলাম তিন জন– আমি, তপু আর রাহাত'– এখানে 'আমি' বলতে—

ক ভাষা শহিদ খ লেখক গ সানু ঘ নাজিম

৩১. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবিকে কে রিক্ত করেছে?

ক বসন্ত খ কুহেলী গ ভক্ত ঘ স্বামী

৩২. 'এ বয়সে কানে আসে কত মন্ত্রণা'– কোন ধরনের মন্ত্রণার সম্মুখীন হয় তরুণেরা?

ক ভালো-মন্দ খ সৃষ্টিশীল
গ অনুপযুক্ত ঘ ধ্বংসাত্মক

৩৩. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন মাসের উল্লেখ আছে?

ক বৈশাখ মাসের খ জ্যৈষ্ঠ মাসের
গ কার্তিক মাসের ঘ মাঘ মাসের

৩৪. 'মুক্তি আ গিয়া, ইয়া আলী'– চিৎকার করে কজন খান সেনা উর্ধ্বশ্বাসে দৌড়ায়?

ক তিন জন খান সেনা খ চার জন খান সেনা
গ পাঁচ জন খান সেনা ঘ ছয় জন খান সেনা

৩৫. 'বাংলাদেশ' কবিতাটি কোন ছন্দে রচিত?

ক মাত্রাবৃত্ত খ অক্ষরবৃত্ত
গ মুক্তক ঘ স্বরবৃত্ত

৩৬. 'আঠারো বছর বয়স' কবিতাটি সংকলিত হয়েছে কোন কাব্যগ্রন্থ থেকে?

ক ঘুম নেই খ পূর্বাভাস
গ ছাড়পত্র ঘ হরতাল

৩৭. ল্যাটিন Corruptus–এর বাংলা প্রতিশব্দ কী?

ক ক্ষতিসাধন খ ক্ষয়কারক
গ অসুবিধা করা ঘ কাজ করা

৩৮. 'পাঞ্জেরি' কবিতার সমাপ্তি ঘটেছে—

ক নিরাশায় খ অন্ধকারে
গ ক্ষোভে ঘ আশাবাদে

৩৯. বর্তমান প্রেক্ষাপটে হৈমন্তী হলো—

ক প্রতিবাদী নারীর প্রতীক
খ শিক্ষিত নারীর প্রতিচ্ছবি
গ আদর্শ বাঙালি নারী
ঘ নির্যাতিত নারীর প্রতীক

৪০. 'কলিমদ্দি দফাদার' গল্পের 'শিল্পসত্য' কোনটি?

ক একজন সাধারণ গরিব দফাদারের দেশপ্রেম
খ কলিমদ্দি দফাদারের প্রাণ দান
গ মুক্তিযুদ্ধের সময় সাধারণের অসাধারণ ভাবনা
ঘ কলিমদ্দির সাদামাটা জীবনযাপন

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | | |
| ১৪ | গ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | | |
| ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ক |